গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.nbr.gov.bd
(কাস্টমস ও ভ্যাট প্রশাসন-২, শাখা)

স্মারক নম্বরঃ ০৮.০১.০০০০.০০০.০১২.০১.০০০৫.২৫

তারিখঃ ১৩ মাঘ, ১৪৩২ বঙ্গাঃ / ২৭ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ

**বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা এর অধিক্ষেত্র ও সীমানা নির্ধারণ সংক্রান্ত।**

সুত্র নং-১। জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০১২.০৮.০০১.১৭(অংশ), তারিখঃ-১৭ /১১/২০২৪ খ্রি.।
২। জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০১২.০৮.০০১.১৭.১০, তারিখঃ-০৪ /১২/২০২৫ খ্রি.।
৩। অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং -০৮.০০.০০০০.০২৭.২৮.০৪৩.১৯.১০৮, তারিখঃ-১৮ /১১/২০২৫ খ্রি
৪। জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০০০.০১২.০১.০০০৫.২৫, তারিখঃ-২২ /১২/২০২৫ খ্রি.।
৫। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং -০৭.০০.০০০০.১৫১.২৮.০০২.২৩(অংশ-১)-৩৬৮, তারিখঃ-২৪ /১২/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা এর অধিক্ষেত্র ও সীমানা নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো:

**০১। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা**

**ভ্যাট বিভাগীয় দপ্তরসমূহ:**

(১) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, তেজগাঁও বিভাগ
(২) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, গুলশান বিভাগ
(৩) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, বনানী বিভাগ
(৪) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, বসুন্ধরা বিভাগ
(৫) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, উত্তরা বিভাগ
(৬) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, আশুলিয়া বিভাগ

**কাস্টমস সংক্রান্ত অধিক্ষেত্র:**

(১) কাস্টমস হাউসের (যদিথাকে) অধিক্ষেত্র ব্যতীত কমিশনারেটের অধিক্ষেত্রের আওতাভুক্ত অন্যান্য এলাকা ।
(২) কমিশনারেটের অধিক্ষেত্রের আওতাভুক্ত কাস্টমস স্টেশন, কাস্টমস গুদাম, আন্তর্জাতিক চেক পোস্ট, ডিউটি ফ্রি শপ, নৌ-রুট, কাস্টমস করিডোর (যদি থাকে)।

**ভ্যাট বিভাগীয় দপ্তর সমূহের অধীন** সার্কেল অফিস সমূহের অধিক্ষেত্র ও সীমানা:

| বিভাগের নাম | সার্কেলের নাম | অধিক্ষেত্র ও সীমারেখা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, তেজগাঁও বিভাগ | ১. তেজগাঁও সার্কেল | বিজয় সরণি মোড় হতে প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে অগ্রসর হয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় এর দক্ষিণ পাশের রাস্তা ধরে নাখালপাড়ার মধ্য দিয়ে রেলক্রসিং অতিক্রম করে বীর উত্তম মীর শওকত সড়কের সংযোগস্থল পর্যন্ত রাস্তার দক্ষিণ পাশের এলাকা। বীর উত্তম মীর শওকত সড়কের পশ্চিম প্রান্ত থেকে হাতিরঝিল লিংক রোডের সংযোগস্থলে অবস্থিত রাজউক পার্কিং পর্যন্ত রাস্তার দক্ষিণ পাশের এলাকা। রাজউক পার্কিং থেকে দক্ষিণ দিকে হাতিরঝিল লিংক রোড ধরে সড়ক ও জনপথ অধিদপ্তরের মূল কার্যালয় পর্যন্ত রাস্তার পশ্চিম পাশের এলাকা। সড়ক ও জনপদ অধিদপ্তরের মুল কার্যালয় হতে শহীদ তাজউদ্দিন আহমেদ সড়ক পর্যন্ত সড়কের উত্তর পাশের এলাকা। নাবিস্কো মোড় থেকে শহীদ তাজউদ্দিন আহমেদ সড়ক এবং তেজগাঁও লিংক রোডের সংযোগস্থল পর্যন্ত সড়কের পশ্চিম পাশের এলাকা। উক্ত সংযোগস্থল থেকে বিজয় সরণি মোড় পর্যন্ত তেজগাঁও লিংক রোডের উত্তর পাশের এলাকা। |
| | ২. কাওরান বাজার সার্কেল | কাওরান বাজার ও পান্থপথের সংযোগস্থল তথা সোনারগাঁও ক্রসিং হতে কাওরান বাজার-এফডিসি রোড এবং শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি সংযোগস্থল পর্যন্ত সড়কের উত্তর পাশের এলাকা। কাওরান বাজার-এফডিসি রোড ও শহীদ তাজউদ্দিন আহমেদ সরণির সংযোগস্থল হতে শুরু করে সাত রাস্তা ক্রসিং হয়ে বিজয় সরণি-তেজগাঁও সংযোগ সড়কের সংযোগস্থল পর্যন্ত সড়কের পশ্চিম পাশের এলাকা। শহীদ তাজউদ্দিন আহমেদ সড়ক ও |

| বিভাগের নাম | সার্কেলের নাম | অধিক্ষেত্র ও সীমারেখা |
|---|---|---|
| | | বিজয় সরণি-তেজগাঁও সংযোগ সড়কের বিজয় সরণি মোড় পর্যন্ত রাস্তার দক্ষিণ পাশের এলাকা। বিজয় সরণি মোড় হতে ফার্মগেট হয়ে সার্ক ফোয়ারা মোড় পর্যন্ত সড়কের পূর্ব পাশের এলাকা। |
| | ৩. ফার্মগেট সার্কেল | সার্ক ফোয়ারা হয়ে পান্থপথ পর্যন্ত রাস্তার উত্তরাংশ।ফার্মগেট ওভারব্রিজ (উত্তর পাশ) থেকে সার্ক ফোয়ারা হয়ে পান্থপথ মোড় পর্যন্ত রাস্তার উত্তরাংশ। গ্রীন রোড হয়ে ফার্মগেট ওভারব্রিজ পর্যন্ত রাস্তার ডান পাশের পূর্ব পাশের এলাকা। |
| (২) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, গুলশান বিভাগ | ১. গুলশান-১ সার্কেল | পুলিশ প্লাজা কনকর্ড শপিং মল থেকে শুরু করে হাতিরঝিল লিংক রোড ধরে ডিআইটি রোড পর্যন্ত রাস্তার উত্তর পাশের এলাকা। হাতিরঝিল লিংক রোড ও ডিআইটি রোডের সংযোগস্থল হতে গুলশান-১ মধ্য বাড্ডার মোড় অতিক্রম করে বীর উত্তম রফিকুল ইসলাম এভিনিউ ও মাদানি এভিনিউ সংযোগস্থল পর্যন্ত রাস্তার বাম পাশের এলাকা। বীর উত্তম রফিকুল ইসলাম এভিনিউ ও মাদানি এভিনিউ এর সংযোগস্থল হতে গুলশান-২ গোলচত্বর হয়ে কামাল আতার্তুক সরণিতে অবস্থিত গুলশান-২ ব্রিজ পর্যন্ত রাস্তার দক্ষিণ পাশের এলাকা। গুলশান-২ ব্রিজ থেকে পুলিশ প্লাজা কনকর্ড শপিং মল পর্যন্ত প্রবাহিত বনানী লেকের পূর্ব পাশের এলাকা। |
| | ২. গুলশান-২ সার্কেল | গুলশান-২ ব্রিজ থেকে কামাল আতার্তুক সরণি হয়ে গুলশান-২ মোড় হয়ে মাদানি এভিনিউ হয়ে নতুন বাজার বাসস্ট্যান্ড পর্যন্ত রাস্তার উত্তর পাশের এলাকা (গুলশান-২ ও বারিধারা)। নতুন বাজার বাসস্ট্যান্ড থেকে প্রগতী সরণি হয়ে কুড়িল বিশ্বরোডের কুড়িল প্রান্ত পর্যন্ত রাস্তার পশ্চিম পাশের বারিধারা ও জোয়ারসাহারা এলাকা। কুড়িল বিশ্বরোড এর প্রগতি সরণির কুড়িল প্রান্ত থেকে নতুন বিমানবন্দর সড়ক ধরে (ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক) বাংলাদেশ নৌবাহিনীর সদর দপ্তরের সম্মুখ পর্যন্ত রাস্তার দক্ষিণ পাশের এলাকা (বারিধারা ডিওএইচএস ও আর্মি স্টেডিয়াম এলাকা অন্তর্ভুক্ত)। আর্মি স্টেডিয়াম সংলগ্ন সামরিক কবরস্থান সংলগ্ন বনানী লেক থেকে গুলশান-২ সেতু পর্যন্ত পূর্ব পাশের এলাকা। |
| | ৩. বেগুনবাড়ী সার্কেল | হাতিরঝিল বাসস্ট্যান্ড থেকে লেকের পূর্ব পাড়ের রাস্তা হয়ে হাতিরঝিল-লিংক রোড ধরে রামপুরা ব্রিজের পাশ দিয়ে লেকটি প্রদক্ষিণ করে হাতিরঝিল-লিংক রোড এবং ডিআইটি রোডের সংযোগস্থল পর্যন্ত (বাড্ডা প্রান্ত)। উক্ত সংযোগস্থল হতে পুলিশ প্লাজা কনকর্ড হয়ে হাতিরঝিল লেক পাড়ের পশ্চিম পাশের রাস্তা ধরে সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান কার্যালয় পর্যন্ত রাস্তার পূর্ব পাশের এলাকা। হাতিরঝিল লিংক রোড থেকে রহিম মেটাল মসজিদ রোড হয়ে নাবিস্কো বিস্কুট এন্ড ব্রেড ফ্যাক্টরির মোড় পর্যন্ত রাস্তার দক্ষিণ পাশের এলাকা। নাবিস্কো বিস্কুট এন্ড ব্রেড ফ্যাক্টরির মোড় থেকে শহীদ তাজউদ্দিন আহমেদ এভিনিউ ধরে হাতিরঝিল মোড় বাসস্ট্যান্ড পর্যন্ত রাস্তার পূর্ব পাশের এলাকা। |
| (৩) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, বনানী বিভাগ | ১. মহাখালী সার্কেল | প্রধানমন্ত্রীর কার্যালয় হতে দক্ষিণ পাশের রাস্তা ধরে নাখাল পাড়ার মধ্য দিয়ে রেলক্রসিং অতিক্রম করে বীর উত্তম মীর শওকত সড়কের সংযোগস্থল পর্যন্ত রাস্তার উত্তর পাশের এলাকা। বীর উত্তম মীর শওকত সড়ক হতে গুলশান লেক পর্যন্ত উত্তর পাশের এলাকা। গুলশান পুলিশ প্লাজা থেকে গুলশান-১ ব্রিজ পর্যন্ত গুলশান লেকের পশ্চিম পাশের এলাকা। গুলশান-১ ব্রিজ হতে বীর উত্তম এ.কে.খন্দকার সড়ক হয়ে আমতলী বাসস্ট্যান্ড পর্যন্ত দক্ষিণ পাশের এলাকা। আমতলী বাসস্ট্যান্ড থেকে মহাখালী রেলগেট হয়ে জাহাঙ্গীর গেট পর্যন্ত সড়কের উত্তর পাশে মহাখালী ডিওএইচএস (ঢাকা ক্যান্টনমেন্ট এর প্রযোজ্য অংশ ব্যতীত) এবং দক্ষিণ পাশের এলাকা। জাহাঙ্গীর গেট হতে পুরাতন বিমানবন্দর সড়ক হয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় পর্যন্ত সড়কের পূর্ব পাশের এলাকা। |
| | ২. বনানী সার্কেল | মহাখালী আমতলী বাসস্ট্যান্ড থেকে বীর উত্তম এ.কে.খন্দকার সড়ক হয়ে গুলশান-১ ব্রিজ পর্যন্ত সড়কের উত্তর পাশের এলাকা। গুলশান-১ ব্রিজ থেকে গুলশান সোসাইটি জামে মসজিদ/গ্রেস ইন্টারন্যাশনাল স্কুল পর্যন্ত গুলশান লেকের পশ্চিম পাশের এলাকা। গুলশান সোসাইটি জামে মসজিদ থেকে বনানী সামরিক কবরস্থানের সীমানা হয়ে বনানী ২৭ নম্বর সড়ক হয়ে ঢাকা-ময়মনসিংহ হাইওয়ের সংযোগ (কানাডিয়ান ইন্টারন্যাশনাল স্কুল) পর্যন্ত |

| বিভাগের নাম | সার্কেলের নাম | অধিক্ষেত্র ও সীমারেখা |
|---|---|---|
| | | দক্ষিণ পাশের এলাকা। কানাডিয়ান ইন্টারন্যাশনাল স্কুলের মোড় থেকে ঢাকা-ময়মনসিংহ হাইওয়ে হয়ে মহাখালী আমতলী বাসস্ট্যান্ড পর্যন্ত সড়কের পূর্ব পাশের এলাকা ও পশ্চিম পাশে বনানী ডিওএইচএস এলাকা (ঢাকা ক্যান্টনমেন্ট এর প্রযোজ্য অংশ ব্যতীত)। |
| (৪) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, বসুন্ধরা বিভাগ | ১. বসুন্ধরা সার্কেল | কুড়িল বিশ্বরোড এর কুড়িল প্রান্ত হতে পূর্ব দিকে এক্সপ্রেসওয়ে হয়ে বালু ব্রিজ পর্যন্ত রাস্তার দক্ষিণাংশ। বালু ব্রিজ থেকে দক্ষিণ-পূর্ব দিকে বালু নদীর মোহনা পর্যন্ত নদীর পশ্চিম পাশের এলাকা। তুরাগ নদী ও বালু নদীর মোহনা হতে বালু নদী ঘেঁষে দক্ষিণ দিকে বালু নদী ও বসুন্ধরা পি-ব্লকের সংযোগ পর্যন্ত বালু নদীর ডান পাশ। বালু নদী ও বসুন্ধরা পি-ব্লকের সংযোগস্থল হতে বেড়াইদ ১০০ফিট রোডের মাথা পর্যন্ত অংশের উত্তর পাশের এলাকা। ১০০ফিট রোড হতে নতুন বাজার মোড় পর্যন্ত রাস্তার উত্তর পাশের এলাকা। নতুন বাজার ১০০ফিট রোডের মাথা থেকে প্রগতি সরণি দিয়ে কুড়িল বিশ্বরোডের কুড়িল প্রান্ত পর্যন্ত রাস্তার পূর্ব পাশের এলাকা। |
| | ২. বাড্ডা সার্কেল | নতুন বাজার মোড় সংলগ্ন ১০০ফিট রাস্তার মাথা হতে রামপুরা ব্রিজ পর্যন্ত রাস্তার পূর্ব পাশের এলাকা। রামপুরা ব্রিজ হতে রামপুরা খাল ঘেঁষে ত্রিমোহনী মোড় হয়ে দাশেরকান্দি মোড় হয়ে বালুনদীর পাড় ও বালুনদীর মোহনা পর্যন্ত খালের উত্তর পাশের এলাকা। বালুনদীর মোহনা হতে বালুনদী ঘেঁষে বালুনদী ও বসুন্ধরা পি-ব্লকের সংযোগ পর্যন্ত নদীর পশ্চিম পাশের এলাকা। বালু নদী ও বসুন্ধরা পি-ব্লকের সংযোগস্থল হতে বেরাইদ ১০০ফিট খালের দক্ষিণ পাশের এলাকা। ১০০ফিট রোড হয়ে নতুন বাজার মোড় পর্যন্ত রাস্তার দক্ষিণ পাশের এলাকা। |
| (৫) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, উত্তরা বিভাগ | ১. উত্তরা-১ সার্কেল | উত্তরা হাউস বিল্ডিং মোড় হতে সোনারগাঁও জনপথ রোড হয়ে উত্তরা দিয়াবাড়ি মেট্রোরেল জংশন মোড় পর্যন্ত হয়ে মেট্রোরেল জংশন মোড় থেকে মেট্রোরেল লাইন সড়ক ধরে উত্তরা দক্ষিণ মেট্রোস্টেশন পর্যন্ত সড়কের ডানপাশ অর্থাৎ পশ্চিমপাশ। উত্তরা দক্ষিণ মেট্রোরেল স্টেশন হতে মিরপুর বেড়িবাধ পর্যন্ত (উত্তরা ১৮ নম্বর সেক্টরসহ) সড়কের ডানপাশ অর্থাৎ উত্তরপাশ পঞ্চবটি-বিরুলিয়া পর্যন্ত। পঞ্চবটি-বিরুলিয়া থেকে ধউর মোড় পর্যন্ত সড়কের ডানপাশ অর্থাৎ পূর্বপাশ। ধউর মোড় থেকে টঙ্গী ব্রীজ পর্যন্ত সড়কের ডানপাশ অর্থাৎ দক্ষিণ পাশ। টঙ্গী ব্রীজ থেকে উত্তরা হাউস বিল্ডিং পর্যন্ত সড়কের ডানপাশ অর্থাৎ পশ্চিমপাশ। |
| | ২. উত্তরা-২ সার্কেল | উত্তরা হাউস বিল্ডিংথেকে এয়ারপোর্ট মোড় হয়ে কুড়িল মোড় হয়ে নেভাল হেডকোয়ার্টার মোড়পর্যন্ত সড়কের ডানপাশ অর্থাৎ পশ্চিমপাশ (ঢাকা ক্যান্টনমেন্ট ব্যতীত)। নেভাল হেডকোয়ার্টার মোড় থেকে কুর্মিটোলা হয়ে বিমানবন্দরের পশ্চিম পাশের সীমানা ধরে বাউনিয়া পর্যন্ত সড়কের ডান পাশ অর্থাৎ পূর্বপাশ। বাউনিয়া থেকে উত্তরা ও মিরপুরের সীমানা (উত্তরা ১৭ নম্বর সেক্টরসহ) ধরে উত্তরা দক্ষিণ মেট্রো স্টেশন সড়কের ডানপাশ অর্থাৎ উত্তর পাশ। উত্তরা দক্ষিণ মেট্রো স্টেশন থেকে মেট্রোরেল জংশন মোড় পর্যন্ত সড়কের ডানপাশ অর্থাৎ পূর্বপাশ। |
| | ৩. খিলক্ষেত সার্কেল | টঙ্গী ব্রীজ হতে এয়ারপোর্ট মোড় হয়ে কুড়িল মোড় পর্যন্ত সড়কের বাম পাশ অর্থাৎ পূর্বপাশ। কুড়িল মোড় হতে এক্সপ্রেসওয়ে ধরে বালুনদীর ব্রীজ পর্যন্ত সড়কের বামপাশ অর্থাৎ উত্তর পাশ। বালুনদী ব্রীজ থেকে বালুনদীর সীমানা ধরে টঙ্গী ব্রীজ পর্যন্ত নদীর বামপাশ অর্থাৎ পশ্চিম ও দক্ষিণ পাশ। |
| (৬) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, আশুলিয়া বিভাগ | ১. আশুলিয়া-১ সার্কেল | বিশ মাইল বাসস্ট্যান্ড হতে কুটুরিয়া বাজার-কাঠগড়া বাজার হয়ে জিরাবো ক্রসিং পর্যন্ত রাস্তার উত্তর (বাম) পাশ। জিরাবো ক্রসিং হতে নরসিংহপুর হয়ে বাইপাইল পর্যন্ত রাস্তার উত্তর-পশ্চিমাংশ (বাম) পাশ। বাইপাইল বাসস্ট্যান্ড হতে নবীনগর রাস্তার পূর্ব (বাম) পাশ হয়ে বিশমাইল বাসস্ট্যান্ড পর্যন্ত রাস্তার পূর্ব (বাম) পাশ পর্যন্ত বিস্তৃত এলাকা। |
| | ২. আশুলিয়া-২ সার্কেল | বিশমাইল বাসস্ট্যান্ড হতে কুটুরিয়া বাজার-কাঠগড়া বাজার হয়ে জিরাবো ক্রসিং পর্যন্ত রাস্তার দক্ষিণ (ডান) পাশের এলাকা। জিরাবো ক্রসিং হতে আশুলিয়া বাসস্ট্যান্ড হয়ে ধৌড় চৌরাস্তা পর্যন্ত রাস্তার পশ্চিম (ডান) পাশ এবং ধৌড় চৌরাস্তা হতে বেড়িবাঁধ হয়ে বিরুলিয়া ব্রিজ পর্যন্ত রাস্তার উত্তর (ডান) পাশ। বিরুলিয়া ব্রিজ হতে সাভার বাসস্ট্যান্ড পর্যন্ত রাস্তার উত্তর (ডান) |

| বিভাগের নাম | সার্কেলের নাম | অধিক্ষেত্র ও সীমারেখা |
|---|---|---|
| | | পাশ। সাভার বাসস্ট্যান্ড হতে বিশ মাইল বাসস্ট্যান্ড পর্যন্ত রাস্তার পূর্ব (ডান) পাশ পর্যন্ত বিস্তৃত এলাকা। |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো ।

স্বাক্ষরিত
(মোঃ মোয়াজ্জেম হোসেন)
সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

প্রাপক
কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

স্মারক নম্বরঃ ০৮.০১.০০০০.০০০.০১২.০১.০০০৫.২৫/১২(১৭)

তারিখঃ ১৩ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি/কাস্টমস ও ভ্যাট প্রশাসন/কাস্টমস নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য/কাস্টমস রপ্তানি, বন্ড ও আইটি/মূসক নীতি/মূসক নিরীক্ষা/মূসক বাস্তবায়ন ও আইটি/বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৩। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
০৪। স্থায়ী প্রতিনিধি, ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন, ব্রাসেলস, বেলজিয়াম।
০৫। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি/পানগাঁও/ আইসিডি, চট্টগ্রাম/ভোমরা, সাতক্ষীরা।
০৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ভ্যাট ও কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব) ঢাকা (পশ্চিম), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/যশোর/রংপুর/কুমিল্লা/বরিশাল/ময়মনসিংহ/গাজীপুর/নারায়ণগঞ্জ/কক্সবাজার/ ইকোনমিক জোন, ঢাকা ।
০৭। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ), ঢাকা/চট্টগ্রাম।
০৮। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা/কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
০৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।
১০। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/ কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/মূল্য সংযোজন কর নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম/গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। প্রথম সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩। দ্বিতীয় সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
১৫। উপ পরিচালক, বাংলাদেশ ফরমস এবং প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১৬। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭। অফিস কপি।

27/01/2026
(মোঃ নূরুল আমীন)
দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-২)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা